গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রোগ নিয়ন্ত্রণ শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃঅধিঃ/রোঃ নিঃ/জনবল/২০২৩-৩১২৭ তারিখঃ ১৬-১১-২০২৩ ইং

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন স্বাস্থ্য অধিদপ্তরের কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) অপারেশনাল প্লানের অধীনে National Malaria Elimination Program (NMEP) and Aedes Transmitted Disease Control Program, এর মাধ্যমে Global Fund to Fight AIDS Tuberculosis and Malaria (GFATM) Grant, COVID-19 Response (C19RM) এর অর্থায়নে সারাদেশে ২৯টি Pressure Swing Adsorption (PSA) Oxygen Plant স্থাপন করছে। উক্ত ২৯টি PSA Oxygen Plant এর জন্য GFATM Grant এর আওতায় ৪টি ক্যাটাগরিতে ১৫৩টি পদ এবং সম্প্রতি শূন্য হওয়া NMEP এর দুইটি (০২) পদ (অ্যাকাউন্টস অফিসার-১, মেডিকেল টেকনোলোজিস্ট- ল্যাব-১) সহ, নিম্নোক্ত তালিকা অনুযায়ী ১৫৫টি পদে জনবল নিয়োগ দেয়া হবে। **নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইন (Online) http://cdc.teletalk.com.bd ওয়েবসাইটে এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং বয়সসীমা। | পদের সংখ্যা | সর্বসাকুল্যে মাসিক বেতন (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | সাইট ইঞ্জিনিয়ার | (ক) ইউজিসি অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ইলেকট্রিকাল এবং ইলেকট্রনিকস অথবা মেকানিকাল এ ন্যূনতম বি.এসসি. ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>(খ) ইলেকট্রোমেডিকেল যন্ত্রপাতি পরিচালনায় ন্যূনতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর । | ০৬ | ৬০,০০০ |
| ০২ | বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার | (ক) ইউজিসি অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক ন্যূনতম বি.এসসি. ইন বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>(খ) সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর। | ০২ | ৬০,০০০ |
| ০৩ | টেকনিশিয়ান | (ক) *সরকার অনুমোদিত পলিটেকনিক ইনিষ্টিটিউট হতে ন্যূনতম ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>* সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী ধারীদের প্রাধান্য দেওয়া হবে।<br>(খ) সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) বয়সঃ সর্বোচ্চ ৩৫ বছর। | ২৯ | ২৫,০০০ |
| ০৪ | অপারেটর | (ক) এস.এস.সি (বিজ্ঞান বিভাগ) এবং ৬ মাসের কারিগরি কোর্স অগ্রাধিকার যোগ্য।<br>(খ) সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) বয়সঃ ১৮-৩০ বছর। | ১১৬ | ২০,০০০ |

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং বয়সসীমা। | পদের সংখ্যা | সর্বসাকুল্যে মাসিক বেতন (টাকা) |
|---|---|---|---|---|
| ০৫ | অ্যাকাউন্টস অফিসার | (ক)* ইউজিসি অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ন্যূনতম মাস্টার্স ইন-অ্যাকাউন্টিং অথবা ফিন্যান্স ডিগ্রিধারী<br>* অথবা ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউনট্যান্টস অব বাংলাদেশ(ICAB)কর্তৃক প্রদত্ত চার্টার্ড অ্যাকাউন্টেন্ট (CA) ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br><br>(খ) সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৫বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>* GFATM Grant এর অধীনে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অভিজ্ঞতার বছর সীমা শিথিলযোগ্য।<br>* সরকারী চাকুরীতে পূর্বের বাস্তব অভিজ্ঞতা অগ্রাধিকার পাবে।<br>* ইলেকট্রনিক যোগাযোগে পারদর্শিতা আবশ্যিক।<br>*'ইন্টিগ্রেটেড সফটওয়্যার বেইজড অ্যাকাউন্টিং সিস্টেম' বিষয়ে পারদর্শিতা আবশ্যিক।<br>* MS Excel, MS Power Point, MS Word ব্যবহারে দক্ষতা আবশ্যিক।<br><br>(গ) বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর। | ০১ | ১,০০,০০০ |
| ০৬ | মেডিকেল টেকনোলোজিষ্ট-ল্যাব | (ক) সরকার অনুমোদিত যে কোন মেডিকেল ইন্সটিটিউট হতে ন্যূনতম ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) ডিগ্রিধারী।<br><br>(খ) মাঠ পর্যায়ে কাজের ২বছরের বাস্তব অভিজ্ঞতা ।<br>* কম্পিউটার রিপোর্ট লেখা Microsoft Office এ পারদর্শিতা আবশ্যিক।<br>* স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর অধিনে যে কোন প্রতিষ্ঠানে পূর্ববর্তী কাজের অভিজ্ঞতা অগ্রাধিকার দেওয়া হবে।<br><br>(গ) বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর | ০১ | ৫৫,০০০ |

**<u>নিম্নবর্নিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ</u>**

১। ৩১ অক্টোবর ২০২৩ ইং তারিখে প্রার্থীর বয়স নির্ধারিত সীমার মধ্যে থাকতে হবে।

২। সরকারী/ আধা সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ
(ক) পরীক্ষায় অংশগ্রহনের ইচ্ছুক ব্যক্তি http://cdc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। সরাসরি অথবা ডাকযোগে কোন আবেদন গ্রহন করা হবে না।

আবেদনের সময়সীমা নিম্নরুপঃ
Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২১ নভেম্বর ২০২৩ সকাল-১০.০০টা ।
Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ০২ ডিসেম্বর ২০২৩ রাত ১২.০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ Pixel) ও স্ক্যান করে আপলোড করবেন।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষার সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে User ID একটি নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে নিম্নের তালিকা অনুযায়ী নির্দিষ্ট ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে প্রদান করতে হবে।

| ক্রমিক নং | পদের নাম | আবেদন এর ফি (টাকা) |
|---|---|---|
| ১ | সাইট ইঞ্জিনিয়ার | ৬৬৯ |
| ২ | বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার | ৬৬৯ |
| ৩ | টেকনিশিয়ান | ৫৫৮ |
| ৪ | অপারেটর | ২২৩ |
| ৫ | অ্যাকাউন্টস অফিসার | ৬৬৯ |
| ৬ | মেডিকেল টেকনোলজিষ্ট ল্যাব | ৫৫৮ |

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: CDC <space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **CDC ABCDEF**

Reply: Applicant's Name, Tk 669/558/223 will be Charged as application fee. your PIN 12345678. To pay fee type

CDC <space> Yes <space> PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

দ্বিতীয় SMS: CDC <space> Yes PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **CDC YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for ...........Application for post xxxxxx

User ID is (ABCDEF) and password (xxxxxx)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cdc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু মাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ কারা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্ন বর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: CDC <space> Help<space> User<space> USERID and send to 16222
Example: **CDC Help USER ABCDEF**
ii) PIN Number জানা থাকলে: CDC <space> Help<space> PIN <space> PIN No. and send to 16222
Example**: CDC Help PIN 12345678**

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েবপোর্টাল (www.dghs.gov.bd) এবং ttp://cdc.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.dghs.gov.bd) ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং sms এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর হতে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: CDC, Post Name:***, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. **ডিক্লারেশন:** প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। প্রার্থীর যোগ্যতা যাচাই:
প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমানিত হলে কিংবা নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। ভুল তথ্য বা জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্নিত (ক্রমিক নং i থেকে v পর্যন্ত ) কাগজপত্রের মুলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

i) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ)
ii) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশন এর বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
iii) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
iv) জাতীয় পরিচয়পত্র এবং জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
v) Online এ পূরনকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)

৫। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.dghs.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
৬। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।
৮। নিয়োগে সরকারের প্রচলিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।
৯। পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।
১১। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১২। এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য এবং স্থায়ী রাজস্ব পদে নিয়োগের কোন প্রতিশ্রুতি দেয়া হবে না।
১৩। এ নিয়োগ সাকুল্যে বেতনে চুক্তিভিত্তিক (শুধু প্রকল্প চলাকালীন সময়ের জন্য)। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নির্বাচিত প্রার্থীর নিয়োগপত্র ই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।
১৪। কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ায় যে কোন পর্যায়ে কারণ দর্শানো ছাড়া নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

অধ্যাপক ডা. মো. নাজমুল ইসলাম
পরিচালক, রোগ নিয়ন্ত্রন ও
লাইন ডাইরেক্টর, সিডিসি
সদস্য সচিব, নিয়োগ বাছাই কমিটি
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।